গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
কলেজ অব নার্সিং(একাডেমিক ভবন)
শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭।
www.dgnm.gov.bd

নথিঃ ডিজিএনএম/শা-৩/৪টি-০৬/অভিন্ন ভর্তি পদ্ধতি/২০১৮-২০১৯/ ২০৫

তারিখঃ ০৭ আশ্বিন ১৪২৫ / ২২/০৯/২০১৮

# সরকারি ও বেসরকারি নার্সিং কলেজ/ইনস্টিটিউটে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তির আবেদন আহ্বান।

নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা এর আওতাধীন ৩৮ (আটত্রিশ)টি সরকারি মিডওয়াইফারি ইনস্টিটিউট, ৪৩(তেতাল্লিশ)টি নার্সিং ইনস্টিটিউট ও ১১টি নার্সিং কলেজ এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক অনুমোদিত ও নিবন্ধনকৃত বেসরকারি নার্সিং/মিডওয়াইফারি শিক্ষা প্রতিষ্ঠানসমূহে ডিপ্লোমা ইন মিডওয়াইফারি, ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং(বিএসসি ইন নার্সিং) ও ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সের ১ম বর্ষে ছাত্র-ছাত্রী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য অন-লাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

## ২. ভর্তির জন্য প্রার্থীর শিক্ষাগত যোগ্যতাঃ

ক. **ডিপ্লোমা ইন মিডওয়াইফারিঃ** যে কোন শিক্ষা বোর্ড হতে ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালে অনুষ্ঠেয় এস.এস.সি বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ (Grade Point Average) ২.৫০ এবং ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালে এইচ.এসসি বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ (Grade Poin Average) ২.৫০ প্রাপ্ত মহিলা প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

খ. **ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং(বিএসসি ইন নার্সিং)ঃ** বিজ্ঞান বিভাগে জীববিজ্ঞান বিষয়ে পাসসহ যারা এইচ এস সি বা সমমানের পরীক্ষায় ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালে পাস করেছেন তারাই কেবলমাত্র আবেদন করতে পারবেন। এসএস সি বা সমমান এবং এইচ.এস সি বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত জিপিএ-এর যোগফল ন্যূনতম ৬.০০ থাকতে হবে। কোন অবস্থাতেই এসএস সি বা সমমান এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় জিপিএ (গ্রেড পয়েন্ট এভারেজ) ২.৫০ এর নিচে গ্রহণ যোগ্য হবে না।

গ. **ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারিঃ** যে কোন শিক্ষা বোর্ড হতে ২০১৪, ২০১৫ ও ২০১৬ সালে অনুষ্ঠেয় এস.এসসি বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ (Grade Point Average) ২.৫০ এবং ২০১৬, ২০১৭ ও ২০১৮ সালে এইচ.এসসি বা সমমানের পরীক্ষায় ন্যূনতম জিপিএ (Grade Point Average) ২.৫০ থাকতে হবে। দুটি পরীক্ষায় জিপিএ (Grade Point Average) ৫.৫০ থাকতে হবে। কোন পরীক্ষাতেই (Grade Point Average) জিপিএ ২.৫০ এর নীচে গ্রহণযোগ্য হবে না।

## ২.১ ভর্তির জন্য প্রার্থীর শর্তাবলীঃ

ক. আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে;

খ. প্রার্থীকে অবিবাহিত ও সু-স্বাস্থ্যের অধিকারী হতে হবে(ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের জন্য প্রার্থীর বৈবাহিক অবস্থা প্রযোজ্য নহে);

গ. মুক্তিযোদ্ধা কোটা( সন্তান, সন্তানদের সন্তান)ঃ ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সের জন্য ২০(বিশ)টি আসন, ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং(বিএসসি ইন নার্সিং) এর জন্য ২২(বাইশ)টি ও ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি কোর্সের জন্য ৫২(বায়ান্ন)টি আসন সংরক্ষিত থাকবে। এ সকল প্রার্থীদেরকে ও অন্যান্যদের ন্যায় ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা সম্পন্ন হতে হবে। সংরক্ষিত আসনগুলিতে সম্পূর্ণ মেধার ভিত্তিতে ভর্তি করা হবে। অবশিষ্ট আসনের ৬০% জাতীয় মেধা কোটা ও ৪০% জেলা কোটার ভিত্তিতে নির্বাচন করা হবে।

ঘ. যুক্তিযুক্ত সংখ্যক মেধা ভিত্তিক অপেক্ষমান তালিকা প্রকাশ করা হবে এবং মেধা ভিত্তিকভাবে নির্বাচিত প্রার্থীগণ ভর্তির পর শূন্য আসনে (যদি শূন্য থাকে) মেধাক্রমানুসারে ভর্তি করা হবে।

ঙ. আবেদন প্রক্রিয়াকরণ, নিরীক্ষণ এবং ফলাফল চূড়ান্তকরণ ইত্যাদি কাযক্রম কম্পিউটারের মাধ্যমে সম্পন্ন করা হবে।

চ. প্রার্থী কোন প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ পাবে তা নির্ভর করবে লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বর ও প্রার্থীর দেয় পছন্দের ক্রমানুসারে। নির্বাচিত প্রার্থী তার প্রাপ্ত নম্বর অনুযায়ী পছন্দনীয় প্রতিষ্ঠানে ভর্তির সুযোগ না পেলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক প্রাপ্ত নম্বরের ভিত্তিতে অন্য যে কোন প্রতিষ্ঠানে ভর্তি হতে পারবেন।

ছ. ১০০ নম্বরের ১০০(একশত)টি MCQ প্রশ্নের ১(এক) ঘন্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

জ. ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি ইন নার্সিং) ৭০০/-(সাতশত) টাকা, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ভর্তি পরীক্ষার ফি বাবদ ৫০০/-(পাঁচশত) টাকা মাত্র টেলিটক প্রি-পেইড মোবাইলের মাধ্যমে জমা প্রদান ।

৩. লিখিত পরীক্ষায় ৩০ নম্বরের কম নম্বর প্রাপ্ত প্রার্থীগণ অকৃতকার্য বলে গন্য হবেন। শুধুমাত্র কৃতকার্য পরীক্ষার্থীদের মেধা তালিকা অন্তর্ভুক্ত করা হবে।

## ৪. আবেদনের নিয়মাবলীঃ

৪.১ প্রার্থী যে সেন্টারে ভর্তি পরীক্ষা দিতে ইচ্ছুক সে সেন্টারের কোড নম্বর উল্লেখ করে SMS এর মাধ্যমে আবেদন করতে হবে। সেন্টারের নাম ও কোড নম্বর নিম্নরূপঃ

| NAME OF EXAM: CENTER | CODE NUMBER |
|---|---|
| DHAKA | 1 |
| CHITTAGONG | 2 |
| RAJSHAHI | 3 |
| KHULNA | 4 |
| SYLHET | 5 |
| BARISAL | 6 |
| RANGPUR | 7 |
| MYMENSHING | 8 |

## ডিপ্লোমা ইন মিডওয়াইফারি

বর্ণিত কোর্সে ভর্তির আবেদনের জন্য টেলিটক প্রি-পেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে DGNM **<space>** M **<space>** HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিন অক্ষর **<space>** HSC পরীক্ষার রোল নম্বর **<space>** HSC পাসের সন **<space>** SSC শিক্ষাবোর্ডের নামের ১ম তিন অক্ষর**<space>** SSC রোল নম্বর **<space>**SSC পাসের সন **<space>** বর্ণিত কোর্সে ভর্তির জন্য পছন্দক্রম অনুসারে ১০টি প্রতিষ্ঠানের (বিজ্ঞাপনে উল্লেখিত) কোড **<space>** প্রার্থী যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক সে কেন্দ্রের কোড নম্বর **<space>** কাঙ্খিত কোটার কী-ওয়ার্ড লিখে 16222 নম্বরে SMS করতে হবে। তবে কোটায় আবেদন না করলে কোটার কী-ওয়ার্ড লিখার প্রয়োজন নাই।

| Institute Code No | Name of the Midwifery Institute | Name of the Course |
|---|---|---|
| 1 | Dhaka Nursing College, Dhaka | Diploma in Midwifery |
| 2 | Rajshahi Nursing College , Rajshahi | Diploma in Midwifery |
| 3 | Chittagong Nursing College, Chittangong. | Diploma in Midwifery |
| 4 | Mymenshingh Nursing College, Mymenshingh | Diploma in Midwifery |
| 5 | Rangpur Nursing College, Rangpur | Diploma in Midwifery |
| 6 | Sylhet Nursing College, Sylhet | Diploma in Midwifery |

| | | |
|---|---|---|
| 7 | Barisal Nursing College, Barisal | Diploma in Midwifery |
| 8 | Bogra Nursing College, Bogra | Diploma in Midwifery |
| 9 | Fouzderhat Nursing College, Chittangong | Diploma in Midwifery |
| 10 | Manikgonj Nursing College, Manikgonj | Diploma in Midwifery |
| 11 | Nursing Institute, Mitford, Dhaka | Diploma in Midwifery |
| 12 | Nursing Institute, Comilla | Diploma in Midwifery |
| 13 | Nursing Institute, Noakhali | Diploma in Midwifery |
| 14 | Nursing Institute, Tangail | Diploma in Midwifery |
| 15 | Nursing Institute, Faridpur | Diploma in Midwifery |
| 16 | Nursing Institute, Khulna | Diploma in Midwifery |
| 17 | Nursing Institute, Jessore | Diploma in Midwifery |
| 18 | Nursing Institute, Kushtia | Diploma in Midwifery |
| 19 | Nursing Institute, Satkhira | Diploma in Midwifery |
| 20 | Nursing Institute, Pabna | Diploma in Midwifery |
| 21 | Nursing Institute, Dinajpur | Diploma in Midwifery |
| 22 | Nursing Institute, Bogra | Diploma in Midwifery |
| 23 | Nursing Institute, Monshigonj | Diploma in Midwifery |
| 24 | Nursing Institute, Gopalgonj | Diploma in Midwifery |
| 25 | Nursing Institute, Hobigonj | Diploma in Midwifery |
| 26 | Nursing Institute, Chandpur | Diploma in Midwifery |
| 27 | Nursing Institute, Serajgonj | Diploma in Midwifery |
| 28 | Nursing Institute, Rajbari | Diploma in Midwifery |
| 29 | Nursing Institute, Jhenaidaha | Diploma in Midwifery |
| 30 | Nursing Institute, Joypurhat | Diploma in Midwifery |
| 31 | Nursing Institute, Kisoregonj | Diploma in Midwifery |
| 32 | Nursing Institute, Moulavi Bazar | Diploma in Midwifery |
| 33 | Nursing Institute, Feni | Diploma in Midwifery |
| 34 | Nursing Institute,Kurigram | Diploma in Midwifery |
| 35 | Nursing Institute, Perojpur | Diploma in Midwifery |
| 36 | Nursing Institute, Naogaon | Diploma in Midwifery |
| 37 | Nursing Institute, Rangamati | Diploma in Midwifery |
| 38 | Nursing Institute, Patuakhali | Diploma in Midwifery |

## ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং(বিএসসি ইন নার্সিং)

বর্ণিত কোর্সে আবেদনের জন্য টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে DGNM <space> H <space> HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <space> HSC পরীক্ষার রোল নম্বর <space> HSC পাসের সন <space> SSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিন অক্ষর <space> SSC পরীক্ষার রোল নম্বর <space> SSC পাসের সন <space> বর্ণিত কোর্সে ভর্তির জন্য পছন্দক্রমানুসারে ১০টি নার্সিং কলেজের(বিজ্ঞাপনের উল্লেখিত) ৫ কোড <space> প্রার্থী যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক সে কেন্দ্রের কোড নম্বর <space> কাঙ্খিত কোটার কী-ওয়ার্ড লিখে ১৬২২২ নম্বরে SMS করতে হবে। তবে কোটায় আবেদন না করলে কোটার কোন কী-ওয়ার্ড লিখার প্রয়োজন নাই।

| Code No | Name of Nursing College | Name of the Course |
|---|---|---|
| 39 | Dhaka Nursing College, Dhaka | Bachelor of Science in Nursing |
| 40 | Rajshahi Nursing College, Rajshahi | Bachelor of Science in Nursing |
| 41 | Chattagram Nursing College, Chattagram | Bachelor of Science in Nursing |

| | | |
|---|---|---|
| 42 | Mymenshing Nursing College, Mymenshing | Bachelor of Science in Nursing |
| 43 | Rangpur Nursing College, Rangpur | Bachelor of Science in Nursing |
| 44 | Sylhet Nursing College, Sylhet | Bachelor of Science in Nursing |
| 45 | Barishal Nursing College, Barishal | Bachelor of Science in Nursing |
| 46 | Dinajpur Nursing College, Dinajpur | Bachelor of Science in Nursing |
| 47 | College of Nursing, Sher-e- Bangla Nagor, | Bachelor of Science in Nursing |
| 48 | Manikgonj Nursing College, Manikgonj | Bachelor of Science in Nursing |
| 49 | Tajuddin Ahmed Nursing College, Gazipur | Bachelor of Science in Nursing |

## ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি

বর্ণিত কোর্সে ভর্তির আবেদনের জন্য টেলিটক প্রিপেইড মোবাইল ফোনের মাধ্যমে মেসেজ অপশনে গিয়ে DGNM**<space>**N**<space>** HSC শিক্ষা বোর্ডের নামের প্রথম তিন অক্ষর **<space>** HSC পরীক্ষার রোল নম্বর **<space>** HSC পাসের সন **<space>** SSC শিক্ষা বোর্ডের নামের ১ম তিন অক্ষর **<space>** SSC রোল নম্বর **<space>** SSC পাসের সন **<space>** বর্ণিত কোর্সে ভর্তির জন্য পছন্দক্রম অনুসারে ১০টি প্রতিষ্ঠানের (বিজ্ঞাপনে উল্লেখিত) কোড **<space>**প্রার্থী যে কেন্দ্রে পরীক্ষা দিতে ইচ্ছুক সে কেন্দ্রের কোড নম্বর **<space>** কাঙ্খিত কোটার কী-ওয়ার্ড লিখে 16222 নম্বরে SMS করতে হবে। তবে কোটায় আবেদন না করলে কোটার কী-ওয়ার্ড লিখার প্রয়োজন নাই।

## Diploma in Nursing Science & Midwifery

| Code N0 | Name of the Nursing Institute | Name of the Course |
|---|---|---|
| 50 | Nursing Institute, Mitford, Dhaka | Diploma in Nursing Science & Midwifery |
| 51 | Nursing Institute, Khulna | Diploma in Nursing Science & Midwifery |
| 52 | Nursing Institute, Comilla | Diploma in Nursing Science & Midwifery |
| 53 | Nursing Institute, Faridpur | Diploma in Nursing Science & Midwifery |
| 54 | Nursing Institute, Tangail | Diploma in Nursing Science & Midwifery |
| 55 | Nursing Institute, Bogra | Diploma in Nursing Science & Midwifery |
| 56 | Nursing Institute. Dinajpur | Diploma in Nursing Science & Midwifery |
| 57 | Nursing Institute, Pabna | Diploma in Nursing Science & Midwifery |
| 58 | Nursing Institute, Rangamati | Diploma in Nursing Science & Midwifery |
| 59 | Nursing Institute, Noakhali | Diploma in Nursing Science & Midwifery |
| 60 | Nursing Institute, Kushtia | Diploma in Nursing Science & Midwifery |
| 61 | Nursing Institute, Jessore | Diploma in Nursing Science & Midwifery |
| 62 | Nursing Institute, Patuakhali | Diploma in Nursing Science & Midwifery |
| 63 | Nursing Institute, Munshigonj | Diploma in Nursing Science & Midwifery |
| 64 | Nursing Institute, Netrokona | Diploma in Nursing Science & Midwifery |
| 65 | Nursing Institute, Sherpur | Diploma in Nursing Science & Midwifery |
| 66 | Nursing Institute, Rajbari | Diploma in Nursing Science & Midwifery |
| 67 | Nursing Institute, Serajgonj | Diploma in Nursing Science & Midwifery |
| 68 | Nursing Institute Chapai Nowabgonj | Diploma in Nursing Science & Midwifery |
| 69 | Nursing Institute, Kurigram | Diploma in Nursing Science & Midwifery |
| 70 | Nursing Institute, Joypurhat | Diploma in Nursing Science & Midwifery |
| 71 | Nursing Institute, Thakurgaon | Diploma in Nursing Science & Midwifery |
| 72 | Nursing Institute, Brahmonbaria | Diploma in Nursing Science & Midwifery |
| 73 | Nursing Institute, Cox's Bazar | Diploma in Nursing Science & Midwifery |
| 74 | Nursing Institute, Feni | Diploma in Nursing Science & Midwifery |
| 75 | Nursing Institute, Moulavi Bazar | Diploma in Nursing Science & Midwifery |
| 76 | Nursing Institute, Bhola | Diploma in Nursing Science & Midwifery |
| 77 | Nursing Institute, Bagerhat | Diploma in Nursing Science & Midwifery |
| 78 | Nursing Institute, Chuadanga | Diploma in Nursing Science & Midwifery |
| 79 | Nursing Institute, Magura | Diploma in Nursing Science & Midwifery |
| 80 | Nursing Institute, Satkhira | Diploma in Nursing Science & Midwifery |
| 81 | Nursing Institute, Gopalgonj | Diploma in Nursing Science & Midwifery |

| | | |
|---|---|---|
| 82 | Nursing Institute, Madaripur | Diploma in Nursing Science & Midwifery |
| 83 | Nursing Institute, Perojpur | Diploma in Nursing Science & Midwifery |
| 84 | Nursing Institute, Borguna | Diploma in Nursing Science & Midwifery |
| 85 | Nursing Institute, Naogaon | Diploma in Nursing Science & Midwifery |
| 86 | Nursing Institute, Nilphamari | Diploma in Nursing Science & Midwifery |
| 87 | Nursing Institute, Panchagorh | Diploma in Nursing Science & Midwifery |
| 88 | Nursing Institute, Kishorgonj | Diploma in Nursing Science & Midwifery |
| 89 | Nursing Institute, Jamalpur | Diploma in Nursing Science & Midwifery |
| 90 | Nursing Institute, Jhenaidaha | Diploma in Nursing Science & Midwifery |
| 91 | Nursing Institute, Chandpur | Diploma in Nursing Science & Midwifery |
| 92 | Nursing Institute, Habigonj | Diploma in Nursing Science & Midwifery |

**কোটার কী-ওয়ার্ডঃ** মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারীর জন্য **FF**

**শিক্ষাবোর্ডের কী-ওয়ার্ড** ঃ চট্টগ্রাম-CHI, ঢাকা- DHA, রাজশাহী- RAJ, যশোর- JES, কুমিল্লা-COM, সিলেট- SYL, বরিশাল- BAR, দিনাজপুর- DIN, মদ্রাসা- MAD (**ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে আবেদনকারীদের** জন্য ডিপ্লোমা ইন বিজনেস ম্যানেজমেন্ট DIB, এইচএসসি ইন বিজনেস ম্যানেজমেন্ট HBM, কারিগরি শিক্ষা বোর্ড TEC এবং উন্মুক্ত বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য কারিকুমের প্রার্থীগণ শিক্ষাবোর্ডের নামের জায়গায় OTH **লিখতে হবে।**

উদাহরণ ঃ **DGNM M DHA 123456 2018 DHA 123458 2016 1, 2, 3, 14, 11, 27, 17, 5, 12, 19 1**

উদাহরণটিতে দেখানো হয়েছে যে, আবেদনকারী নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ভর্তির জন্য আবেদন করেছেন এবং তিনি ঢাকা শিক্ষাবোর্ড হতে HSC, SSC যথাক্রমে ২০১৮ ও ২০১৬ সালে পাস করেছেন। তার রোল নম্বর ছিল যথাক্রমে ১২৩৪৫৬ ও ১২৩৪৫৮ এবং তার কেন্দ্র কোড ছিল ঢাকা 1। বর্ণিত কোর্সে ভর্তির জন্য তার পছন্দক্রম ঢাকা নার্সিং কলেজ, ঢাকা, রাজশাহী নার্সিং কলেজ,রাজশাহী, চট্টগ্রাম নার্সিং কলেজ,চট্টগ্রাম, নার্সিং ইনস্টিটিউট, টাঙ্গাইল, নার্সিং ইনস্টিটিউট, মিটফোর্ড, ঢাকা, নার্সিং ইনস্টিটিউট, সিরাজগঞ্জ, নার্সিং ইনস্টিটিউট,যশোর, নার্সিং কলেজ, রংপুর, নার্সিং ইনসিইটউট, কুমিল্লা, নার্সিং ইনস্টিটিউট, সাতক্ষিরা এবং সে ঢাকা Center এর অধিনে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে ইচ্ছুক। বর্ণিত উদাহরণে **DGNM M** এর স্থলে **ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি ইন নার্সিং) এর ক্ষেত্রে DGNM H** এবং **ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এর ক্ষেত্রে DGNM N** প্রযোজ্য হবে।

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য কারিকুলামের প্রার্থীগণ শিক্ষাবোর্ডের নামের জায়গায় OTH লিখে HSC Roll ও পাসের সন লিখে উপরের নিয়মে SMS করবেন। যেমন DGNM M OTH 123456 2016 1, 2, 3, 14, 11, 27, 17, 5, 12, 19 1 and send to 16222.

**উদাহরণ ( মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির জন্য আবেদনের নমূনা)ঃ**

DGNM M DHA 123456 2018 DHA 123458 2016 1, 2, 3, 14, 11, 27, 17, 5, 12, 19 1 FF

উদাহরণটিতে দেখানো হয়েছে যে, আবেদনকারী মুক্তিযোদ্ধা কোটায় FF ভর্তির জন্য আবেদন করেছেন এবং তিনি ঢাকা শিক্ষাবোর্ড হতে দুটি পরীক্ষায় (এসএসসি ও এইচ এসসি) পাস করেছেন। এখানে তিনি ঢাকা বিভাগে পরীক্ষা দিতে ইচ্ছুক বিধায় তিনি কেন্দ্র কোড ব্যবহার করেছেন-1।

উপরের মেসেজটি পাঠানোর পর সকল তথ্য সঠিক হলে ফিরতি মেসেজ এ আবেদনকারীর নাম ও একটি পিন নম্বর জানিয়ে **ভর্তি পরীক্ষার আবেদন ফি বাবদ ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি ইন নার্সিং)-৭০০/-(সাতশত) টাকা, ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি ও ডিপ্লোমা ইন মিডওয়াইফারি কোর্সে ৫০০/-(পাঁচশত) টাকা** কর্তনের সম্মতি চাওয়া হবে।

আবেদনকারীকে আরেকটি SMS পাঠিয়ে সম্মতি জানাতে হবে। DGNM**<space>M<space>YES<space>PIN** নম্বর **<space>** আবেদনকারীর মোবাইল নম্বর (যে কোন অপারেটরে) লিখে SMS পাঠাতে হবে। **পরবর্তী সময়ের জন্য পিন নম্বরটি অবশ্যই সংরক্ষণ করতে হবে।**

**উদাহরণঃ DGNM M YES 654321 01XXXXXXXXX**

এ উদাহরণে প্রদত্ত 654321 নম্বরের স্থলে আবেদনকারীর নিজ নিজ পিন নম্বর এবং 01XXXXXXXXX এর স্থলে যোগাযোগের জন্য একটি মোবাইল নম্বর দিতে হবে। উল্লেখ্য সম্মতি জানিয়ে SMS পাঠালেই কেবল আবেদনকারীর মোবাইল ফোন থেকে সার্ভিস চার্জসহ আবেদনকারীর **ভর্তি ফি বাবদ নির্ধারিত পরিমান টাকা** কেটে নেওয়া হবে, অন্যথায় ফি কাটা হবে না। সম্মতি জানিয়ে আবেদন করলে উক্ত আবেদন আর প্রত্যাহার করা যাবে না। আবেদনকারীর টেলিটক প্রি-প্রেইড মোবাইলে পর্যাপ্ত পরিমান টাকা থাকলে তা হতে ভর্তি পরীক্ষার নির্দিষ্ট ফি কেটে নেওয়ার পর একটি SMS এর মাধ্যমে প্রার্থীকে User ID ও Password জানিয়ে দেওয়া হবে।

বর্ণিত উদাহরণে DGNM**<space>M** এর স্থলে **ব্যাচেলর অব সায়েন্স ইন নার্সিং (বিএসসি ইন নার্সিং) এর ক্ষেত্রে DGNM<space> H** এবং **ডিপ্লোমা ইন নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি এর ক্ষেত্রে DGNM <space>N প্রযোজ্য হবে।**

**বিঃদ্রঃ-** উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে পাসকৃত প্রার্থীদের টেলিটক বাংলাদেশ লিমিটেড এর মাধ্যমে অন-লাইনে আবেদন করার পর সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র (একসেট) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,কলেজ অব নার্সিং (একাডেমিক ভবন) শেরেবাংলানগর, ঢাকা এর বরাবরে ১৮/১১/২০১৮ **তারিখ অফিস সময়ের মধ্যে প্রেরণের জন্য বলা হ'ল।**

## ৫. প্রবেশপত্র ডাউনলোডঃ

আবেদন শেষে প্রার্থীকে প্রবেশপত্র ডাউনলোড বিষয়ে SMS এর মাধ্যমে জানানো হবে। নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর ওয়েব সাইট (http://dgnm.teletalk.com.bd) থেকে প্রবেশপত্র ডাউনলোড করা যাবে। যোগ্য প্রার্থীকে প্রবেশপত্রের জন্য প্রথমে ০১(এক) কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি স্ক্যান করে অথবা ডিজিটাল ক্যামেরায় ছবি উঠিয়ে ৩০০×৩০০ পিক্সেল সাইজের জেপিজি ফরমেটে Save করতে হবে(File size not more than 100kb)। প্রবেশপত্র ডাউনলোড করতে হলে http://dgnmd.teletalk.com.bd -তে গিয়ে প্রথমে নিজ নিজ User ID ও Password ইনপুট দিতে হবে। প্রদত্ত ইনপুট সঠিক হলে নিজ নিজ জেলা সিলেক্ট করা এবং ছবি আপলোড করার অপশন পাওয়া যাবে। নিজ নিজ জেলা সিলেক্ট করা এবং ছবি আপলোড করা হলে প্রবেশপত্র ডাউনলোড করে A4 সাইজের কাগজে প্রিন্ট করে নিতে হবে। **প্রিন্টকৃত কপির নির্দিষ্ট স্থানে প্রার্থীকে স্বাক্ষর করে তা সংরক্ষণ করতে হবে।**

৬. **নির্বাচিত প্রার্থীকে ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবেঃ**

ক) শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত এস এসসি বা সমমান ও এইচ এসসি বা সমমান পরীক্ষার মূল/ সাময়িক সার্টিফিকেট;

খ) শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত এস এসসি বা সমমান ও এইচ এসসি বা সমমান পরীক্ষার মূল গ্রেডসিট;

গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩(তিন) কপি সত্যায়িত (প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক ) রঙ্গিন ছবি;

ঘ) মুক্তিযোদ্ধা কোটায়( মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তান) সংরক্ষিত আসনের জন্য সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধার মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী ও সচিব স্বাক্ষরিত সনদপত্র বা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রদত্ত ও তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত অনুলিপি (মুক্তিযোদ্ধা কোটার দাবীদার সন্তানদের সন্তান এর ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত বিধি-বিধান অনুসরণ করা হবে।

ঙ) বর্ণিত কোর্সে আবেদনের ডাউন-লোডকৃত প্রবেশপত্র।

৭. **অন্যান্য লক্ষণীয় বিষয়াবলীঃ**

ক) ভর্তি সংক্রান্ত বিষয়ে ভুল তথ্য সরবরাহকারীর ভর্তি কর্তৃপক্ষ অবগত হওয়া মাত্রই ভর্তি বাতিল হয়ে যাবে;

খ) ভর্তি সংক্রান্ত নিয়মাবলীর যে কোন ধারা, উপধারা পরিবর্তন,সংশোধন,সংযোজন ও পূনঃসংযোজনের এখতিয়ার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে কেন্দ্রীয় নির্বাচন/ ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত বলে বিবেচিত হবে।

গ) ফলাফল সংক্রান্ত যে কোন ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হলে তা সংশোধনে কেন্দ্রীয় নির্বাচন/ ভর্তি কমিটি ক্ষমতা সংরক্ষণ করেন।

৮. কোর্স চলাকালীন সুযোগ-সুবিধা ও বিধি-নিষেধঃ

ক) কোর্স চলাকালীন সময়ে অন্য কোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়ণ করতে পারবেন না;

খ) সিলেবাস/ কারিকুলাম অনুযায়ী তাত্ত্বিক শিক্ষা দিবা ও নৈশকালীন ব্যবহারিক (ক্লিনিক্যাল প্রাকটিস) প্রশিক্ষণে অংশ গ্রহণ করতে হবে;

গ) কোর্সে অধ্যয়ণকালীন সময়ে নির্ধারিত হারে মাসিক বৃত্তিভাতা (স্টাইপেন্ড) প্রদান করা হবে;

ঘ) কোর্স চলাকালীন সময়ে সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় ও বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল কর্তৃক প্রনীত বিধি-বিধান ও নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের নিয়ম-শৃঙ্খলা যথাযথভাবে মেনে চলতে হবে;

ঙ) পুরুষ প্রার্থীকে নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে;

চ) কোর্সে যোগদানের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না;

ছ) কোর্স সমাপ্তির পর সরকারি চাকুরির কোন নিশ্চয়তা প্রদান করা হবে না;

জ) কোর্সে অধ্যয়ণকালীন মাইগ্রেশন(অভিপ্রয়ান/বদলী) সম্পূর্ণভাবে বন্ধ থাকবে;

ঝ) অধ্যয়ণকালীন সময় ড্রেসকোড অনুযায়ী পোষাক পরিধান করতে হবে।

৯. ভর্তি পরীক্ষার তারিখ ও সময়সূচীঃ

| | |
|---|---|
| অন-লাইনে আবেদন শুরুর তারিখ | ২৭/১০/২০১৮( সকাল ১০.০০ঘটিকা হতে) |
| অন-লাইনে আবেদনের শেষ তারিখ | ১৭/১১/২০১৮ রাত ১১.৫৯মিনিট পর্যন্ত |
| অন-লাইনে টাকা জমা দেওয়ার তারিখ | ১৮/১১/২০১৮ তারিখ হতে ২১/১১/২০১৮ রাত ১১.৫৯মিনিট পর্যন্ত |
| অন-লাইনে প্রবেশপত্র সংগ্রহের তারিখ | ৩০/১১/২০১৮ হতে ০৪/১২/ ১২১৮(রাত ১১.৫৯ মি. পর্যন্ত |
| ভর্তি পরীক্ষার তারিখ | ০৭/১২/২০১৮ রোজ শুক্রবার, সকাল ১০.০০ হতে ১১.০০ঘটিকা পর্যন্ত ০১(এক) ঘন্টা |

১০. অন-লাইনে ফরম পূরণ ও ভর্তি সংক্রান্ত বিস্তারিত তথ্য (Detail Instructions for Applicant)ওয়েব-সাইট (http://dgnm.teletalk.com.bd) হতে জানা যাবে।

১১. এ বিজ্ঞপ্তি নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর ওয়েব-সাইট (www.dgnm.gov.bd) ও বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এর ওয়েব-সাইট ( www.bnmc.gov.bd) এ পাওয়া যাবে।

২২/১০/১৮

তন্দ্রা শিকদার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর,ঢাকা।